

## COVID নিবিড় শিক্ষা সহায়তা প্রকল্প

### পিতামাতা এবং যত্নদানকারীদের জন্য তথ্য

#### COVID নিবিড় শিক্ষা সহায়তা প্রকল্প সম্পর্কে

COVID নিবিড় শিক্ষা সহায়তা প্রকল্প (COVID Intensive Learning Support Program (CILSP)) NSW এর প্রাথমিক, মাধ্যমিক এবং বিশেষজ্ঞ স্কুলগুলোতে সবচেয়ে বেশি প্রয়োজন এমন শিক্ষার্থীদের জন্য ছোট গ্রুপ টিউশন দিয়ে থাকে।

এই প্রকল্পটি NSW শিক্ষা বিভাগ, ক্যাথলিক স্কুল NSW এবং অ্যাসোসিয়েশন অফ ইন্ডিপেন্ডেন্ট স্কুলস অফ NSW -এর একটি যৌথ প্রচেষ্টা।

মূলত COVID-19 মহামারির কারণে বাড়ি থেকে শেখার বর্ধিত সময়ের জন্য যেসব শিক্ষার্থীর শিক্ষা গ্রহণ প্রভাবিত হয়েছে, তাদেরকে সাহায্য করার জন্য এই প্রকল্পটি চালু করা হয়েছিল। প্রকল্পটি স্বাক্ষরতা এবং সংখ্যাতির উপর বেশি জোড় দেয়।

প্রতিটি স্কুল তাদের শিক্ষার্থীদের চাহিদার উপর ভিত্তি করে নিজস্ব প্রকল্প তৈরি করে এবং বিশেষভাবে প্রশিক্ষিত শিক্ষক এবং অন্যান্য শিক্ষাবিদ যেমন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং প্রিন্সিপাল শিক্ষকদের নিয়োগ করে প্রকল্পটি পরিচালনা করে। এই ছোট দলের পাঠ্যক্রম স্কুলের আগে বা পরে বা স্কুল চলাকালীন সময়ে হতে পারে।

#### কিভাবে প্রকল্প কাজ করে

COVID নিবিড় শিক্ষা সহায়তা প্রকল্পের মাধ্যমে, স্কুলগুলোকে অতিরিক্ত শিক্ষাবিদ নিয়োগের জন্য তহবিল সরবরাহ করা হয় যারা শিক্ষার্থীদের ছোট গ্রুপ টিউশন দিয়ে থাকে।

স্কুলের অধ্যক্ষের সাথে আলোচনা করে এবং বিভিন্ন মূল্যায়ন ব্যবহার করে, শ্রেণীকক্ষের শিক্ষক নির্ধারণ করেন কোন শিশুরা ছোট গ্রুপ টিউশন থেকে উপকৃত হয়।

পরবর্তীতে প্রকল্পে প্রতিটি শিশুর অন্তর্ভুক্তি নিয়ে তাদের পিতামাতা বা যত্নদানকারীদের সাথে আলোচনা করা হয় এবং একটি শিক্ষা পরিকল্পনা তৈরি করা হয়। সন্তানের অগ্রগতি নিয়মিত পরীক্ষা করা হয় এবং পিতামাতা এবং যত্নদানকারীদের সাথে যোগাযোগ রাখা হয়।

#### প্রকল্পের মূল বৈশিষ্ট্য

- প্রতিটি NSW সরকারি স্কুলের শিক্ষার্থী প্রকল্পটির মাধ্যমে সহায়তা পেয়েছে। ২০২১ সালে মোট ২৬৫,০০০ জন শিক্ষার্থীকে সহায়তা করা হয়েছিল।
- অতিরিক্ত শিক্ষাবিদরা ছোট গ্রুপ টিউশন দিয়ে থাকে - এদের মধ্যে রয়েছেন অনিয়মিত এবং অস্থায়ী শিক্ষক, অবসরপ্রাপ্ত শিক্ষক এবং শিক্ষার্থী শিক্ষক। অতিরিক্ত শিক্ষকরা শ্রেণীকক্ষের শিক্ষকদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে যাতে এটি নিশ্চিত করা যায় যে টিউশনটি শিক্ষার্থীদের প্রয়োজন মিটায়।
- টিউশন স্বাক্ষরতা এবং সংখ্যাতির উপর জোড় দেয়।

- বিশেষজ্ঞ শিক্ষাবিদ এবং প্রশাসকদের একটি দল প্রকল্পটি বাস্তবায়নে স্কুলগুলোকে সমর্থন করে এবং গাইড করে।
- ছোট গ্রুপ টিউশনে ২-৫ জন শিক্ষার্থীদের দলগুলোর জন্য অতিরিক্ত শিক্ষাদান এবং শেখার সহায়তা করে। শ্রেণীকক্ষের শিক্ষার ব্যবস্থাকে শক্তিশালী করার উদ্দেশ্যে শিক্ষার্থীদের একটি পূর্বনির্ধারিত সময়ের জন্য ধারাবাহিকভাবে শেখানো হয়।

## COVID নিবিড় শিক্ষা সহায়তা প্রকল্প এবং আপনার সন্তান

আপনার সন্তানের শিক্ষক আপনার সাথে যোগাযোগ করবেন, যদি তারা মনে করেন যে প্রকল্পটি আপনার সন্তানের উপকার করবে।

আপনি যদি প্রকল্পটি সম্পর্কে আরও জানতে চান, তাহলে COVID নিবিড় শিক্ষা সহায়তা প্রকল্প ওয়েবসাইটটি ([COVID Intensive Learning Support Program webpage](#)) দেখুন। আপনার আরও তথ্যের প্রয়োজন হলে, আপনার সন্তানের শিক্ষকের সাথে এই প্রকল্পটি নিয়ে আলোচনা করুন।

## টেলিফোন দোভাষী পরিষেবা

আপনার আরও তথ্যের প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার স্কুলের অধ্যক্ষকে কল করুন। আপনার অনুসন্ধান সহায়তা করার জন্য আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবায় কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য বলুন। আপনি যে ফোন নম্বরটিতে কল করতে চান তা অপারেটরকে বলুন এবং কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করে দিবেন। এই পরিষেবা আপনি বিনামূল্যে পাবেন।